

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭

১/ বিবিধ

আরবী

إن الله تعالى ينزل على أهل هذا المسجد - مسجد مكة - في كل يوم ليلة عشرين ومئة رحمة: ستين للطائفين، وأربعين للمصلين، وعشرين للناظرين
ضعيف

رواه الطبراني في "الأوسط" (1 / 123 / 2) و"الكبير" (11475) ووقع عنده يوسف بن الفيض، وابن عساكر (9 / 476 / 2) والضياء في "المنتقى من مسموعاته بمرور" عن عبد الرحمن بن السفر الدمشقي حدثنا الأوزاعي عن عطاء حدثني ابن عباس مرفوعا، وعزاه السيوطي في "الجامع الصغير" للحاكم أيضا في "الكنى" وابن عساكر، وقال الطبراني: لم يروه عن الأوزاعي إلا ابن السفر قلت: وهو كذاب يضع الحديث كما يأتي، قال المناوي في "شرح الجامع" بعد أن عزاه للخطيب أيضا في "التاريخ" والبيهقي في "الشعب": "ظاهر صنيع المصنف أن ابن عساكر خرجه وسكت عليه، والأمر بخلافه، فإنه أورده في ترجمة عبد الرحمن ابن السفر من حديثه، ونقل عن ابن منده أنه متروك، وتبعه الذهبي، وقال ابن الجوزي في "العلل المتناهية" (2 / 82 - 83): حديث لا يصح، تفرد به يوسف بن السفر وهو كما قال الدارقطني والنسائي: متروك، وقال الدارقطني يكذب، وابن حبان: لا يحل الاحتجاج به وقال يحيى: ليس بشيء ومنه أخذ الهيثمي (3 / 292) قوله بعد ما عزاه الطبراني: فيه يوسف بن السفر وهو متروك

قلت: ويقال فيه ابن الفيض وهكذا رواه ابن حبان في "الضعفاء" (3 / 136 - 137) وأبو نعيم في "أخبار أصبهان" (1 / 116 و 307)، وقال ابن حبان يوسف بن الفيض يروي عن الأوزاعي المناكير الكثيرة والأوهام الفاحشة، كأنه كان يعملها تعمدًا

وأورده ابن أبي حاتم في "العلل" (1 / 287) بسنده هذا وقال: سألت أبي عنه فقال: هذا حديث منكر، ويوسف ضعيف الحديث شبه المتروك، وفيه يقول ابن عدي روى بواطيل، والبيهقي: هو في عداد من يضع الحديث ذكره الذهبي في "الميزان" ثم ساق له أحاديث هذا أحدها، وهو عبد الرحمن بن السفر المتقدم في كلام المناوي، قال ابن حجر في ترجمته من "اللسان": كذا سماه بعضهم والصواب يوسف ابن السفر متروك، وذكره البخاري فقال: عبد الرحمن بن السفر روى حديثًا موضوعًا قلت: وكما ذكره البخاري رواه الطبراني في "الكبير" (3 / 123 / 1)، وعلى الصواب رواه ابن الأعرابي في "معجمه" (2 / 185)، ثم رواه من حديث عبد الله ابن عمرو بن العاص موقوفًا عليه وفي سنده جعفر بن محمد الأنطاكي، قال الذهبي ليس بثقة وله خبر باطل

قلت: وسيأتي هذا الخبر بلفظ: "يبحث معاوية عليه رداء من نور" وأما قول المنذري في "الترغيب" (2 / 121): رواه البيهقي بإسناد حسن فهو فيما أظن من تساهله أو أوهامه، ثم وجدت للحديث طريقًا أخرى عن ابن جريج فقال الأزرق في "أخبار مكة" (256) حدثني جدي عن سعيد بن سالم وسليم بن مسلم عن ابن جريج به، وهذا إسناد لا بأس به إلى ابن جريج فإن جد الأزرق ثقة، واسمه أحمد بن محمد بن الوليد، وسعيد بن سالم هو القداح، قال الحافظ في "التقريب": صدوق يهم

وأما قرينه سليم بن مسلم فهو الخشاب وهو متروك فلا يعتد به والعمدة على القداح، فلولا عنعنة ابن جريج فإنه مدلس، لحكمت على هذا السند بأنه حسن، ولفظ هذه الرواية مثل لفظ حديث الترجمة.

ثم رأيت الحديث رواه الحارث بن أبي أسامة في " مسنده " (96 - من زوائده) وابن حبان في " الضعفاء " (1 / 321) وعنه ابن الجوزي، وقال ابن حبان: قد تبرأنا من عهدة سالم، وتابعه إبراهيم بن يزيد الخوزي وهو متروك متهم رواه الأصبهاني في " الترغيب " (1 / 444) من طريق أخرى عن سعيد به مثله، ثم صدق ظني حين رأيت الحديث في " شعب الإيمان / الحج " للبيهقي (ق 66 / 1) رواه من طريق النيسابوري باللفظ الآتي بعده وعلقه من طريق يوسف بن السفر وقال: وهو ضعيف والحديث في " المعجم الكبير " من طريق أخرى فيه كذاب آخر بلفظ مغاير لهذا بعض الشيء وسيأتي إن شاء الله تعالى برقم (6245) ، وأما الخطيب فرواه من طريق يوسف هذا في " الموضح " (2 / 255) وقال: تفرد به أبو الفيض يوسف بن السفر عن الأوزاعي، ورواه في غيره من طريق آخر

বাংলা

১৮৭। নিশ্চয় আল্লাহ তা'আলা এ মসজিদের (মক্কার মসজিদ) অধিবাসীদের জন্য প্রত্যেক দিনে ও রাতে একশত বিশটি রহমত নাযিল করেন। ষাটটি তাওয়াফ কারীদের জন্য, চল্লিশটি সালাত (নামায/নামাজ) আদায়কারীদের জন্য আর বিশটি দৃষ্টিদান কারীদের জন্য।

হাদীসটি যঈফ।

এটি তাবারানী “আল-আওসাত” (১/১২৩/২) ও “আল-কাবীর” গ্রন্থে (১১৪৭৫) ইউসুফ ইবনু ফায়েয হতে বর্ণনা করেছেন। এছাড়া ইবনু আসাকির (৯/৪৭৬/২) ও যিয়া “আল-মুনতাকা মিন মাসমূ'আতিহী বিমারু” গ্রন্থে হাদীসটি আব্দুর রহমান ইবনু সাফর আদ-দামেস্ক হতে ... বর্ণনা করেছেন।

এ হাদীসটি সম্পর্কে তাবারানী বলেনঃ এটি আওয়াঈ হতে ইবনুস সাফর ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন। ইবনু আসাকির আব্দুর রহমান ইবনুস সাফরের জীবনী বর্ণনা করতে গিয়ে হাদীসটি উল্লেখ করে ইবনু মান্দার উদ্ধৃতিতে বলেছেন যে, তিনি (আব্দুর রহমান) মাতরুক [অগ্রহণযোগ্য]। যাহাবীও তার অনুসরণ করেছেন।

ইবনুল জাওয়াযী “ইলালুল মুতানাহিয়া” গ্রন্থে (২/৮২-৮৩) বলেছেনঃ হাদীসটি সহীহ নয়। কারণ ইউসুফ ইবনুস সাফর এককভাবে এটি বর্ণনা করেছেন। তিনি মাতরুক, যেমনভাবে দারাকুতনী ও নাসাঈ বলেছেন। দারাকুতনী বলেনঃ তিনি মিথ্যা বলতেন। ইবনু হিব্বান বলেনঃ তার দ্বারা হাদীস গ্রহণ করা হালাল নয়। ইয়াহইয়া বলেনঃ

তিনি কিছুই না। হায়সামীও তাকে মাতরুক হিসাবে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তাকে বলা হয় ইবনুল ফায়েয। ইবনু হিব্বান “আয-যুয়াফা” গ্রন্থে (৩/১৩৬-১৩৭) ও আবু নু’য়াইম “আখবারু আসবাহান” গ্রন্থে (১/১১৬, ৩০৭) এরূপ বর্ণনা করেছেন। অতঃপর ইবনু হিব্বান বলেছেনঃ ইউসুফ ইবনু ফায়েয আওয়াঈ হতে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন। তিনি যেন তা ইচ্ছাকৃতই করতেন।

ইবনু আবী হাতিম “আল-ইলাল” গ্রন্থে (১/২৮৭) বলেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম? তিনি বলেন এ হাদীসটি মুনকার, ইউসুফ হাদীসের ক্ষেত্রে দুর্বল, মাতরুকের ন্যায়।

তার সম্পর্কে ইবনু আদী বলেন তিনি বহু বাতিল হাদীস বর্ণনা করেছেন। বাইহাকী বলেনঃ তাকে হাদীস জলকারীদের মধ্যে গণ্য করা হয়েছে।

যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ তিনিই হচ্ছেন আব্দুর রহমান ইবনুস সাফর।

ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে বলেনঃ কেউ কেউ তার নাম এমনই রেখেছেন। সঠিক নাম হচ্ছে ইউসুফ ইবনুস সাফর। তিনি মাতরুক। তাকে ইমাম বুখারী উল্লেখ করে বলেছেনঃ তিনি আবদুর রহমান ইবনুস সাফর, তিনি জাল হাদিস বর্ণনা করেছেন।

এছাড়া যে সব সনদে হাদিসটি বর্ণিত হয়েছে, সেগুলো কোনটিই সহীহ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5447>

📖 হাদিসবিভির প্রজেক্টে অনুদান দিন